



জেলা পরিষদ কার্যালয়  
নাটোর।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

ফোনঃ ০৭৭১-৬২১২৮ ফ্যাক্সঃ ০৭৭১-৬৬৮৭৮

www.zpnatore.gov.bd

e-mail: ceozpnatore@gmail.com

বিজ্ঞপ্তি নং ০২/২০১৮-২০১৯

“ জমি ইজারা পুনঃ বিজ্ঞপ্তি ”

এতদ্বারা নাটোর জেলা পরিষদের মালিকানাধীন ৭ নং তেবারিয়া ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনসহ জমি ইজারা বন্দোবস্তের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সমূহ নিম্ন বর্ণিত বিবরণ মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, নাটোরের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসার নাটোর সদর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকেল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে ( অফেরত যোগ্য ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর, জেলা প্রশাসক, নাটোর এবং উপজেলা নির্বাহী অফিসার নাটোর সদর এর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন বাদে) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত ক্রয় করা যাবে।

ক্রঃ নং	জায়গার নাম	জমির তফসিল	ইজারার মেয়াদ (বঙ্গাব্দ)	বাৎসরিক দর	সিডিউল মূল্য
১।	জেলা পরিষদের মালিকানাধীন ৭ নং তেবারিয়া ইউনিয়ন পরিষদের পুরাতন ভবনসহ জমি।	মৌজা-চকবৈদ্যনাথ, জে.এল.নং ৭০ খতিয়ান নং-০২, দাগ নং-১৭৫ পরিমাণ ৫৪৫০.১৮ বর্গফুট (১২.৫০ শতক)	৩ বছর	১,৯৬,২০০/-	৫,০০০/-

দরপত্র বিক্রয় ও দাখিলের শেষ তারিখ ও সময়	১ম বার আহ্বান	২য় বার আহ্বান
দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১০-০৩-২০১৯ খ্রি: বেলা ১২.০০ ঘটিকা	১৫-০৪-২০১৯ খ্রি: বেলা ১২.০০ ঘটিকা
দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	১১-০৩-২০১৯ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা	১৬-০৪-২০১৯ খ্রি: দুপুর ১.০০ ঘটিকা

শর্তাবলী :

- দরপত্রের সঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর এর বরাবরে জামানত হিসেবে প্রদত্ত দরের ২৫% টাকা যেকোন তফসিল জুড়ে ব্যাংক হতে বিডি/পে-অর্ডার/ডিডি আকারে অবশ্যই দাখিল করতে হবে।
- দরপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের ১৫% ভাট এবং ৫% আয়কর সহ সমুদয় টাকা জেলা পরিষদ নাটোর এর অনুকূলে জমা প্রদান করে ৩০০/- টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- দরপত্র দাখিলের সময় দরদাতার পাসপোর্ট সাইজের ১(এক) কপি রঙ্গিন ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- জেলা পরিষদ কর্তৃক ইজারাকৃত ভবন ও জমির কোন প্রকার সাবলিজ প্রদান করা যাবেনা বা জেলা পরিষদের কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন প্রকার পরিবর্তন/ক্ষতি সাধিত হলে ইজারা সরাসরি বাতিল বলে গন্য হবে।
- কর্তৃপক্ষ যেকোন/ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- দরপত্রে কোন প্রকার কাটা কাটি/ অস্পষ্টতা/ঘষামাজা থাকলে দরপত্র বাতিলযোগ্য।

স্বাক্ষর

(খন্দকার মো: মাহারুবুর রহমান)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত),  
জেলা পরিষদ, নাটোর।  
তারিখঃ ২৫-০২-২০১৯ খ্রিঃ।

স্মারক নং-৪৬.০০.৬৯০০.০০১.৩২.০০৮.১৮-১০০২

অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ০১। জেলা প্রশাসক, নাটোর।
- ০২। পুলিশ সুপারের কার্যালয়, নাটোর।
- ০৩। জনাব.....ওয়ার্ড/সংরক্ষিত সদস্য।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত বিভাগ/ জনস্বাস্থ্য বিভাগ/ এলজিইডি, নাটোর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা.....(সকল)থানা।
- ০৭। সম্পাদক, বাংলাদেশ প্রতিদিন, রসুলপুরা আবাসিক এলাকা, ঢাকা এবং দৈনিক উত্তর বঙ্গবার্তা, নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ০৩-০৩-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। দপ্তর নথি।

২৫/০২/১৯  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত),  
জেলা পরিষদ, নাটোর।  
২৫/০২/১৯